

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাআ গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org,

E-mail : wbcuta@yahoo.in

সার্কুলার- ১২/২০১৭

তারিখ : ০১- ০৯ -২০১৭

কলকাতার প্রাইমারী ইউনিট, ওয়েবকুটি/ জেলা সম্পাদক

কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

আগের সার্কুলারে অধ্যাপক সমিতির আগামী বার্ষিক সাধারণ সভার নির্ণয় আপনাদের জানিয়েছিলাম। এবার আমাদের সমিতির ১১ তম বার্ষিক সাধারণ সভা আগামী ৫ নভেম্বর, ২০১৭, রবিবার, কলকাতার মহাজাতি সদনে অনুষ্ঠিত হবে। সভা শুরু হবে সকাল ১০টায়। সদস্য বন্ধুদের রেজিস্ট্রেশন ও অন্যান্য কাজ শুরু হবে সকাল ৯টায়। কর্মসমিতির সিদ্ধান্ত অনুযায়ী এবারের রেজিস্ট্রেশন ফি ধৰ্ম হয়েছে ২৫০ টাকা। আশা করি অতীতের মতো এবারেও আপনারা বিপুল সংখ্যায় আগেভাগে রেজিস্ট্রেশন করে কলেজ প্রাইমারী ইউনিট- ভিত্তিক সমিতির দপ্তরে নামের তালিকাসহ জমা দেবেন। দুরবর্তী জেলাগুলির কর্তজন বন্ধুর রাত্রিযাপনের জন্য সমিতিকে ব্যবস্থা করতে হবে, তা অবশ্যই ২৫ অক্টোবরের মধ্যে জানাতে হবে।

এবারের বার্ষিক সাধারণ সভাকে সামনে রেখে আগামী ৪ নভেম্বর, ২০১৭ শনিবার দুপুর ২টায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের দ্বারভাস্তা হলে একটি জাতীয় পর্যায়ের আলোচনাচক্র অনুষ্ঠিত হবে। আলোচ্য বিষয় : ‘ভারতের আর্থসামাজিক উন্নয়ন ও বহুত্বাদ’। আপনারা ধৰ্ম হিসেবে লেখা জমা দিতে আগ্রহী তাঁরা অবশ্যই আগামী ১৪ অক্টোবরের মধ্যে সমিতির দপ্তরে তা জমা দেবেন। লেখা বাংলা কিংবা ইংরাজী উভয় ভাষাতেই করা যাবে, তবে তা Soft Copy এবং Hard Copy দুভাবেই জমা দিতে হবে। নিম্নিষ্ঠ সংখ্যায় উপযুক্ত লেখা পেলে আমরা তা গুরুত্ব দিয়ে স্বতন্ত্রভাবে প্রকাশ করব।

জেনারেল কমিটির সদস্যদের বার্ষিক প্রতিবেদন অনুমোদনের সভা আগামী ২৯ অক্টোবর, ২০১৭, কলকাতার ভিক্টোরিয়া ইনসিটিউশন (কলেজ) প্রেক্ষাগৃহে (রাজবাজার ট্রামডিপোর উল্টোদিকে) দুপুর ২টায় অনুষ্ঠিত হবে। সদস্য বন্ধুদের যথাসময়ে উপস্থিত হতে অনুরোধ করছি।

বার্ষিক সাধারণ সভার নোটিশ ও পোস্টার, জেনারেল কমিটির সদস্যদের সভার নোটিশ ও সমিতির সম্মানীয় আজীবন সদস্যদের আমন্ত্রণ পত্র সমিতির দপ্তর থেকে যথাসময়ে পৌছে দেওয়ার ব্যবস্থা হচ্ছে।

বন্ধুগণ, পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে এবারের বার্ষিক সাধারণ সভায় আপনারা সর্বাধিক সংখ্যায় উপস্থিত হবেন আশা রাখি। ইতোমধ্যে রাজ্য সরকারের কালা শিক্ষা-আইন বাতিলের দাবিতে সমিতি আদালতের দ্বারস্থ হয়েছে। আমরা উৎসের সঙ্গে লক্ষ্য করছি কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে এই আইনকে সামনে রেখে রাজ্য সরকার পুরোদ্ধূর ষেছাচারী পদক্ষেপ নিতে শুরু করেছে। আক্রান্ত ক্যাম্পাস, আক্রান্ত রাজ্যের শিক্ষার সর্বিক পরিমতলা। আমরা এবছর বার্ষিক সাধারণ সভায় আমাদের অর্ধাদার সঙ্গে শিক্ষাদানের অধিকার রক্ষার আন্দোলনকে আগামী দিনে আরও কিভাবে তীব্র রূপে পরিচালনা করা যায় সে বিষয়ে আলোচনা করব। আপনাদের মতামত সমিতির এক্যবন্ধ মঞ্চের আন্দোলনকে আরও শক্তিশালী করবে এই বিশ্বাস রাখি।

রেজিস্ট্রেশন, বাসস্থান ও অন্যান্য বিষয়ে যোগাযোগ করার জন্য সমিতির নিম্নলিখিত পদাধিকারীর নাম ও ফোন নম্বর দেওয়া হল।

- | | |
|--------------------------------|--------------|
| ১। অধ্যাপিকা সুরতা গান্ধুলী | - ৯৮৩১৫১৪১০৬ |
| ২। অধ্যাপিকা মৌসুমী পাঠক | - ৯৮৩০৪৬৪৯৬৭ |
| ৩। অধ্যাপক প্রবোধ মিশ্র | - ৯৮৩১৪৩৩৪১৭ |
| ৪। অধ্যাপক প্রদীপ দত্তগুপ্ত | - ৯৮৩০০৫০৬৬৯ |
| ৫। অধ্যাপক গোকুলানন্দ গোস্বামী | - ৯৪৩৩১১৫৫৯৮ |
| ৬। অধ্যাপক বিনায়ক ভট্টাচার্য | - ৯৮৩১৩৩৯০২৫ |

অভিনন্দন সহ :

শ্রীতিনাথ প্রচ্ছাঙ্গ

(শ্রীতিনাথ প্রচ্ছাঙ্গ)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৪৩৩৮২০৬১০